# সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৫৭৫ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৫৭৬]

পর্ব-১৯ : উভয় ঈদের সালাত (كتاب صلاة العيدين)

পরিচ্ছেদঃ ১৯: ইমামের খুৎবা দেয়াকালীন কোন মানুষের ওপর ভর করে দাঁড়ানো

باب قِيَامِ الإِمَامِ فِي الْخُطْبَةِ مُتَوَكِّئًا عَلَى إِنْسَانٍ

আরবী

أَخْبَرَنَا عَمْرُو بْنُ عَلِيٍّ، قال: حَدَّثَنَا يَحْيَى بْنُ سَعِيدٍ، قال: حَدَّثَنَا عَبْدُ الْمَلِكِ بْنُ أَبِي سُلَيْمَانَ، قال: حَدَّثَنَا عَطَاءٌ، عَنْ جَابِرٍ، قال: شَهِدْتُ الصَّلَاةَ مَعَ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي يَوْمِ عِيدٍ، فَبَدَأَ بِالصَّلَاةِ قَبْلَ الْخُطْبَةِ بِغَيْرِ أَذَانٍ وَلَا إِقَامَةٍ، فَلَمَّا قَضَى الصَّلَاةَ قَامَ مُتَوَكِّئًا عَلَى بِلَالٍ فَحَمِدَ اللَّهَ وَأَثْنَى عَلَيْهِ وَوَعَظَ النَّاسَ وَذَكَّرَهُمْ وَحَثَّهُمْ عَلَى طَاعَتِهِ، ثُمَّ مَالَ وَمَضَى إِلَى النِّسَاءِ وَمَعَهُ بِلَالٌ، فَأَمَرَهُنَّ بِتَقْوَى اللَّهِ وَوَعَظَهُنَّ وَذَكَّرَهُنَّ وَحَمِدَ اللَّهَ وَأَثْنَى عَلَيْهِ ثُمَّ حَثَّهُنَّ عَلَى طَاعَتِهِ، ثُمَّ قَالَ: تَصَدَّقْنَ، فَإِنَّ أَكْثَرَكُنَّ حَطَبُ جَهَنَّمَ ، فَقَالَتِ امْرَأَةٌ مِنْ سَفِلَةِ النِّسَاءِ سَفْعَاءُ الْخَدَّيْنِ: بِمَ يَا رَسُولَ اللَّهِ ؟ قَالَ: تُكْثِرْنَ الشَّكَاةَ وَتَكْفُرْنَ الْعَشِيرَ ، فَجَعَلْنَ يَنْزِعْنَ قَلَائِدَهُنَّ وَأَقْرُطَهُنَّ وَخَوَاتِيمَهُنَّ يَقْذِفْنَهُ فِي ثَوْبِ بِلَالٍ يَتَصَدَّقْنَ بِهِ.

تخريج دارالدعوه: انظر حديث رقم: ١٥٦٣ (صحيح)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 1576 ـ صحيح

বাংলা

১৫৭৫. ‘আমর ইবনু 'আলী (রহ.) ..... জাবির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, এক ‘ঈদের দিন আমি রসূলুল্লাহ (সা.) -এর সাথে সালাতে উপস্থিত ছিলাম। তিনি আযান ইকামাত ছাড়াই খুৎবাহ্ দেয়ার পূর্বে সালাত শুরু করে দিলেন। যখন সালাত শেষ করলেন, বিলাল (রাঃ)-এর ওপর ভর করে দাঁড়িয়ে গেলেন। আল্লাহর প্রশংসা এবং গুণ বর্ণনা করলেন, লোকেদের ওয়াজ করলেন, তাদের নাসীহত করলেন এবং আল্লাহর ‘ইবাদতের প্রতি

উৎসাহিত করলেন। অতঃপর চেহারা ফিরিয়ে নিলেন এবং নারীদের দিকে গেলেন। তার সাথে বিলাল (রাঃ)-ও ছিলেন। তিনি তাদেরকে আদেশ দিলেন আল্লাহকে ভয় করতে, ওয়াজ করলেন, নাসীহত করলেন, আল্লাহর প্রশংসা এবং গুণ বর্ণনা করলেন এবং তাদেরকে আল্লাহর ইবাদাতের প্রতি উৎসাহিত করলেন এবং বললেন, তোমরা দান-খয়রাত করবে, কেননা তোমাদের বেশির ভাগই জাহান্নামের ইন্ধন। তখন নিম্নশ্রেণীর একজন মহিলা বলে উঠল যার গণ্ডদ্বয়ে হালকা কালো দাগ ছিল, কেন হে আল্লাহর রসূল
(সা.)? তিনি বললেন, তোমরা অত্যধিক গীবত কর এবং স্বামীর নাফরমানী কর। তখন তারা নিজেদের গলার হার, কানের দুল এবং আংটি টেনে খুলে বিলাল (রাঃ) এর কাপড়ে ছুঁড়ে মারতে লাগল দান স্বরূপ।

## English

Imam standing during the Khutbah, leaning on another person

It was narrated that Jabir said: I attended the prayer with the Messenger of Allah (ﷺ) on the day of 'Eid. He started with the prayer before the Khutbah, with no Adhan and no Iqamah. When he finished the prayer, he stood leaning on Bilal, and he praised and glorified Allah (SWT) and exhorted the people, reminding them and urging them to obey Allah (SWT). Then he moved away and went to the women, and Bilal was with him. He commanded them to fear Allah (SWT) and exhorted them and reminded them. He praised and glorified Allah, then he urged them to obey Allah, then he said: 'Give charity, for most of you are the fuel of Hell.' A lowly woman with dark cheeks said: 'Why, O Messenger of Allah?' He said: 'You complain a great deal and are ungrateful to your husbands.' They started taking off their necklaces, earrings and rings, throwing them into Bilal's garment, giving them in charity.

## ফুটনোট

সহীহঃ বুখারী ৯৫৮, মুসলিম ৮৮৫, ইরওয়াউল গালীল ৬৪৬। [দ্রঃ ১৫৬২]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90071

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন